

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 06-11-2024**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**NITI AAYOG-JAL UTSAV :**

জল ব্যবস্থাপনা, সংরক্ষণ এবং স্থায়িত্বের প্রতি সচেতনতা ও সংবেদনশীলতা তৈরি করতে আজ থেকে নীতি আয়োগ পনেরো দিনের 'জল উৎসব' শুরু করবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গত বছরের ডিসেম্বরে অনুষ্ঠিত তৃতীয় মুখ্য সচিব সম্মেলনের সময় 'নদী উৎসব'-এর আদলে 'জল উৎসব'-এর প্রস্তাব দেন। সেই প্রস্তাব অনুসারে এই কর্মসূচী গ্রহণ করা হয়েছে। নীতি আয়োগ জানিয়েছে চৰিশে নভেম্বর পর্যন্ত ২০টি উচ্চাকাঙ্ক্ষী জেলা এবং ব্লকে জল উৎসব পালন করা হবে। জাতীয় জল জীবন মিশন, পানীয় জল ও পয়ঃনিকাশী বিভাগ, জল শক্তি মন্ত্রক মিলিতভাবে এই কর্মসূচীতে যোগ দেবে। ২০টি রাজ্যে এই উপলক্ষ্যে জল সম্পদ সংরক্ষণ এবং সুরক্ষা ক্ষেত্রে স্থানীয় মানুষের সক্রিয় অংশগ্রহণকে উৎসাহিত করা হয়।

\*\*\*\*\*

**CM-Football :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্য সরকার ক্রীড়া পরিকাঠামো এবং ক্রীড়াক্ষেত্রে প্রতিভাবান খেলোয়াড়দের মানোন্নয়নে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। গতকাল সোনামুড়া স্পোর্টিং গ্রাউন্ডে অনুষ্ঠিত মরহুম আয়েত আলি স্মৃতি দিবারাত্রি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে একথা বলেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, ফুটবলের উন্নয়নে রাজ্য সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর ইতিমধ্যে সাতটি মাঠে সিল্টিক টার্ফ বসিয়েছে। আগামীদিনে আরও বেশ

কিছু মাঠে এই উদ্যোগ নেওয়া হবে। স্থানীয় বাঘায়তীন ক্লাব  
আয়োজিত টুর্নামেন্টের ফাইনাল খেলায় উপস্থিত ছিলেন বিধায়ক  
কিশোর বর্মন, তফাজ্জল হোসেন, বিনু দেবনাথ, প্রাক্তন মন্ত্রী  
বিল্লাল মিয়া, সিপাহীজলা জেলার জেলাশাসক ডাঃ সিদ্ধার্থ শিব  
জয়সওয়াল প্রমুখ।

\*\*\*\*\*

#### **Special Festival train :**

ছট উৎসব উপলক্ষ্যে সাধারণ যাত্রীদের সুবিধার্থে ও তাঁদের নির্বিঘ্নে  
যাতায়াতের জন্য ভারতীয় রেলওয়ে বিশেষ ট্রেন চালু করেছে।  
গতকাল, প্রায় ২৫টি উৎসব ট্রেন রাজধানী দিল্লি থেকে দেশের  
পূর্বাঞ্চলের দিকে রওয়ানা হয়েছে। উত্তর রেলওয়ের প্রধান  
জনসংযোগ আধিকারিক হিমাঙ্গ শেখর উপাধ্যায় আকাশবাণীর  
সঙ্গে সাক্ষাৎকারে একথা জানিয়েছেন। তিনি জানান, উত্তর  
রেলওয়ে সাধারণ শ্রেণিতে ভ্রমণকারী যাত্রীদের সুবিধার জন্য  
চাহিদা অনুসারে ট্রেন দিচ্ছে।

উৎসবের মরসুমে যাত্রীদের ভিড় সামলাতে ভারতীয় রেল গত  
মাসের ১ থেকে এ মাসের ৩০ তারিখ পর্যন্ত প্রায় সাত হাজার  
বিশেষ ট্রেন চালাবে। প্রতিদিন প্রায় দুই লক্ষ অতিরিক্ত যাত্রী এই  
বিশেষ ট্রেনগুলোর মাধ্যমে যাতায়াত করতে পারবেন। গত বছরের  
এই সময়ে চার হাজার পাঁচশ উৎসব ট্রেন দেওয়া হয়েছিল সে  
তুলনায় এ বছর বিশেষ ট্রেনের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে সাত  
হাজারে।

\*\*\*\*\*

#### **Press conference-SDM Jampuijala :**

দুর্যোগ ঝুঁকি হ্রাসে আন্তর্জাতিক দিবস উপলক্ষে নানা কর্মসূচি  
গ্রহণ করেছে জম্পুইজলা মহকুমা প্রশাসন। গতকাল জম্পুইজলা  
মহকুমা শাসক অফিসে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে  
মহকুমা শাসক চিরঞ্জীৎ আনন্দ জানিয়েছেন আজ বন্যা ও

আগামীকাল ভূমিকম্প ও অগ্নি নিয়ন্ত্রক বিষয়ক মহড়া অনুষ্ঠিত হবে। তাছাড়া বৃক্ষরোপন ও বিভিন্ন বিপর্যয় বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জম্পুইজলা, টাকারজলা ও গাবর্দী বাজারে হবে সচেতনতা মূলক বিভিন্ন কর্মসূচি।

\*\*\*\*\*

#### **Condolence :**

প্রথ্যাত লোকসঙ্গীত শিল্পী শারদা সিনহা গতকাল নতুনদিল্লির এইমস এ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। এই মৈথিলী ও ভোজপুরি সঙ্গীত শিল্পী বিহারের কোকিলা হিসেবে পরিচিত ছিলেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

\*\*\*\*\*

#### **Child Festible :**

আগামী ১৩ই নভেম্বর উড়িষ্যার ভুবনেশ্বরে শুরু হবে অঞ্জলি ইন্টারন্যাশনাল চাইন্ড ফেস্টিভল। ত্রিপুরা থেকে কলাকুণ্ড কালচারাল একাডেমীর ১১ জন শিশু এতে অংশগ্রহণ করবে। আগামী ৮ই নভেম্বর তারা ভুবনেশ্বরের উদ্দেশ্যে রাজ্য ত্যাগ করবে। শতদল সংঘ ক্লাব ঘরে এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন একাডেমীর অধ্যক্ষা সীমা সরকার।

\*\*\*\*\*

#### **Kala Utsav in South :**

শিক্ষা দপ্তরের উদ্যোগে গতকাল বিলোনিয়া টাউন হলে ২ দিনব্যাপী দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক কলা উৎসব অনুষ্ঠিত হয়। উৎসবের সূচনা করেন দক্ষিণ জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। জেলা শিক্ষা আধিকারিক সুবীর মজুমদার জানান, জেলার ৮০টি স্কুলের ২২০ জন ছাত্রছাত্রী কলা উৎসবের বিভিন্ন প্রতিযোগিতামূলক ইভেন্টে অংশ নিয়েছে। আজও বিভিন্ন প্রতিযোগিতামূলক ইভেন্ট রয়েছে কলা উৎসবে।

\*\*\*\*\*

### **Anti-Addiction Awareness-Sonamura :**

মাদকাস্তি ও মাদকের অপব্যবহার বিষয় নিয়ে সপ্তাহব্যাপী সচেতনতা ও শিক্ষামূলক কার্যক্রম গতকাল থেকে সোনামুড়া রাজস্ব ডাক বাংলোর সভাগৃহে শুরু হয়েছে। নেহরু যুব কেন্দ্রের আর্থিক সহায়তায় আয়োজিত এই কার্যক্রমের উদ্বোধন করেন সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী। উপস্থিত ছিলেন সোনামুড়ার মহকুমা শাসক মহেন্দ্র কাশে চাকমা, মহকুমার পুলিশ আধিকারিক শশীমোহন দেববর্মা, সোনামুড়া প্রেস ক্লাবের সম্পাদক অভিজিৎ বর্ধন প্রমুখ।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায় বৃষ্টিপাতের সন্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘণ্টায় বৃষ্টিপাতের পরিমাণ ১০ মিলিমিটার। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ২৩ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*